যে ব্যক্তি মৃতের জন্য সালাত আদায় করা পর্যন্ত জানাযায় উপস্থিত থাকবে, তার জন্য এক কীরাত, আর যে ব্যক্তি মৃতের দাফন হয়ে যাওয়া পর্যন্ত উপস্থিত থাকবে তার জন্য দু’ কীরাত। জিজ্ঞেস করা হল দু’ কীরাত কী? তিনি বললেন, দু’টি বিশাল পর্বত সমতুল্য (সাওয়াব)।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত, যে ব্যক্তি মৃতের জন্য সালাত আদায় করা পর্যন্ত জানাযায় উপস্থিত থাকবে, তার জন্য এক কীরাত, আর যে ব্যক্তি মৃতের দাফন হয়ে যাওয়া পর্যন্ত
উপস্থিত থাকবে তার জন্য দু’ কীরাত। জিজ্ঞেস করা হল দু’ কীরাত কী? তিনি বললেন, দু’টি
বিশাল পর্বত সমতুল্য (সাওয়াব)। মুসলিমের বর্ণনায় রয়েছে: “এর ছোটটি হলো অহুদ
পাহাড়ের সমান।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তার বান্দাদের প্রতি অতি দয়ালু। তিনি তাদের জন্য ক্ষমার কারণগুলো প্রস্তুত করে দিতে চান। এ কারণেই তিনি জানাযার সালাত ও তাতে উপস্থত হওয়ার প্রতি উৎসাহ প্রদান করেন। কারণ, তা মৃতের জন্য সৃুপারিশ আর রহমতের কারণ হয়। তাই যে তার ওপর সালাত আদায় করে তার জন্য এক কীরাত আর যে দাফন করা পর্যন্ত উপস্থিত থাকে তার জন্য আরও একটি কীরাত সাওয়াব নির্ধারণ করে। এ পরিমাণ সাওয়াব অবশ্যই মহান আর তার পরিমাণ আল্লাহরই নিকট জানা। সাহাবীগণের নিকট তার পরিমাণ অস্পষ্ট থাকায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বুঝের কাছাকাছি নিয়ে এসে বলেন যে, প্রতিটি কীরাত মহান পাহাড়ের মতো। কারণ, তাতে রয়েছে একজন মুসলিম ভাইয়ের হক আদায় করা, তার জন্য দো‘আ করা, আখিরাতে স্মরণ, মৃত ব্যক্তির পরিবাবের প্রতি শান্তনা প্রভৃতি ফায়দা।

http://sunnah.global/hadeeth/bn/show/5397